

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন

ই-৬/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (২য় খন্ড)/২০১১/২২৬৪

তারিখঃ


২৮ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ

১২ জুলাই ২০১৭ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬০৭ তম কমিশন সভা অদ্য ১২/০৭/২০১৭ কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়;

সভায় আগামী ২২ জুলাই ২০১৭ তারিখে রাজশাহীতে অনুষ্ঠিতব্য “বিনিয়োগকারী ও উদ্যোক্তা কনফারেন্স এবং বিনিয়োগ শিক্ষা মেলা, ২০১৭” এর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। দিনব্যাপী অনুষ্ঠিতব্য এই কনফারেন্স দু’টি সেশনে বিভক্ত থাকবে। প্রথম সেশনে বিনিয়োগ শিক্ষা কার্যক্রম এবং দ্বিতীয় সেশনে পুঁজিবাজার হতে পুঁজি উত্তোলনের পদ্ধতি ও উক্ত উত্তোলিত পুঁজি রাজশাহীর শিল্পোন্নয়নে ব্যবহার সংক্রান্ত বিষয়ে দু’টি মূল প্রবন্ধ উপস্থাপন করা হবে। এছাড়া প্রথম সেশনে “বিনিয়োগ শিক্ষা ও প্রাসঙ্গিক বিষয়” প্যানেল আলোচনা এবং দ্বিতীয় সেশনে “শিল্পায়নে পুঁজিবাজারের ভূমিকা ও সম্ভাবনা” এর উপর প্যানেল আলোচনা অনুষ্ঠিত হবে। কনফারেন্স চলাকালে একইস্থানে বিনিয়োগ শিক্ষা মেলা, ২০১৭ অনুষ্ঠিত হবে। ১০টি পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠান উক্ত মেলায় সক্রিয় অংশগ্রহণ করবে বলে আশা করা যাচ্ছে।

  
২২/০৭/২০১৭  
মো: সাইফুর রহমান  
নির্বাহী পরিচালক ও মুখপাত্র